পায়রা বন্দর কর্তৃপক্ষ
কলাপাড়া, পটুয়াখালী
(সচিব বিভাগ)
www.ppa.gov.bd

নম্বর-১৮.২১.৭৮৬৬.০০২.০০.০২৮.১৭.৬৭ তারিখ: ০৫-০৬-২০২৩ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পলিথিন ও প্লাস্টিকের তৈরি জিনিসপত্র ব্যবহার জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর ও ঝুঁকিপূর্ণ। পরিবেশের জন্য পলিথিন মারাত্মক ক্ষতিকর। ইহা অপচনশীল বিধায় এর পরিত্যক্ত অংশ দীর্ঘদিন অবিকৃত থেকে মাটি ও পানি দূষিত করে। তাছাড়া মাটির উর্বরতা ও গুণাগুণ পরিবর্তন করে এর উর্বরতা কমিয়ে ফেলে।

২. একইভাবে প্লাস্টিক ব্যবহার জনস্বাস্থ্যের জন্য হুমকি তৈরি করে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা ধ্বংস করে। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন) আইন, ২০০২ অনুযায়ী পলিথিন শপিং ব্যাগ ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। এমতাবস্থায়, পায়রা বন্দর এলাকার অভ্যন্তরে জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষাকল্পে সব ধরণের পলিথিন ও প্লাস্টিক পণ্য ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করা হলো।

৩. যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারিকৃত এ বিজ্ঞপ্তি অবিলম্বে কার্যকর হবে।

০৫.০৬.২০২৩
মো: সোহরাব হোসেন
সচিব (উপসচিব)
পায়রা বন্দর কর্তৃপক্ষ

**বিতরণ (কার্যার্থে):**

১। সকল সদস্য, পায়রা বন্দর কর্তৃপক্ষ।
২। বিভাগীয় প্রধান/উপবিভাগীয় প্রধান/শাখা প্রধান (সকল), পায়রা বন্দর কর্তৃপক্ষ।
৩। প্রকল্প পরিচালক (সকল), পায়রা বন্দর কর্তৃপক্ষ।
৪। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, পায়রা বন্দর কর্তৃপক্ষ।
৫। সকল নোটিশ বোর্ড, পায়রা বন্দর কর্তৃপক্ষ।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

পিএস টু চেয়ারম্যান, পাবক (চেয়ারম্যান, পাবক মহোদয়ের সদয় অবগতির জন্য)।